

শাখা পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন ডিপার্টমেন্ট

তারিখ: ২৫.১১.২০২১

বিষয়ঃ সেবা প্রদানের বিষয়ে (সিটিজেন চার্টার) স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে ২০২১-২২ অর্থবছরের (জুলাই-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।

সভাপতি : উপ-ব্যবস্থাপনা পরিচালক
স্থান : প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষ
তারিখ : ২৫.১১.২০২১ খ্রিঃ
সময় : বেলা ০৩.০০ ঘটিকা।

প্রবাসী কল্যাণ ব্যাংক-এ মন্ত্রনালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/মাঠ পর্যায়ের দপ্তর এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদানের নিমিত্ত স্টেকহোল্ডার (অংশীজন) এর অংশগ্রহণে সভা ২৫.১১.২০২১ তারিখে উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় মহাব্যবস্থাপকদ্বয় ও অংশীজনেরা উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক বিভাগ এর সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের ২০২১-২০২২ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর অনুচ্ছেদ নং ২.২ বাস্তবায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩। উক্ত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত সিটিজেন চার্টার এ উল্লেখিত সেবার মান উন্নয়ন ও মূল্যায়ন এবং প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হয়। অত্র প্রতিষ্ঠানের অভিবাসন ঋণ, পূর্ণবাসন ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, কর্মসংস্থান ঋণ এবং আত্মকর্মসংস্থানমূলক ঋণ কম সময়ে এবং সহজভাবে সেবা গ্রহীতাদের মাঝে সেবা পৌঁছে দেবার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। মহাব্যবস্থাপক (প্রশাসন, হিসাব ও পরিচালন) মহোদয় বিদেশ থেকে কর্মীরা কিভাবে সেবা পেতে পারেন এবং উপস্থিত অংশীজনেরা কিভাবে বিদেশ থেকে রেমিটেন্স সহজ পদ্ধতিতে প্রেরণ করতে পারেন তা নিয়ে আলোচনা করেন।

৪। ব্যাংকের অন্যান্য সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। পরিশেষে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(সঞ্চিয়া বিনতে আলী)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মহাব্যবস্থাপকদ্বয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান/সেল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য),
প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. অফিস কপি।